নাটোরে ট্রাক-মাইক্রোবাস সংঘর্ষে মেহেরপুরের মা-মেয়ে নিহত

নাটোরের বড়াইগ্রামে সিমেন্টবোঝাই ট্রাক ও যাত্রীবাহী মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে ছয় জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন মেহেরপুর জেলার গাংনী উপজেলার দুই নারী ভোলারদাড় গ্রামের সিমা খাতুন (২২) এবং তার মা আনজুমান আরা (৪৫), যিনি বেতবাড়িয়া গ্রামের বাসিন্দা।

মর্মান্তিক এই দুর্ঘটনাটি ঘটে আজ বুধবার (২৩ জুলাই) সকালে, বড়াইগ্রাম উপজেলার তরমুজ পাম্প এলাকায়, বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে।
জানা গেছে, মেহেরপুর থেকে ঢাকাগামী মাইক্রোবাসটি সিরাজগঞ্জ হয়ে রাজধানীর দিকে যাচ্ছিল। পথে বিপরীত দিক থেকে আসা সিমেন্টবোঝাই একটি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হলে মাইক্রোবাসটি দুমড়ে- মুচড়ে যায়।

আনজুমানআরা ও সিমা খাতুন যাচ্ছিলেন সিরাজগঞ্জে, অসুস্থ নাতিকে দেখতে। পারিবারিক সূত্রে জানা গেছে, সিমার সন্তান বেশ কিছুদিন ধরে অসুস্থ, তাকে দেখতে ও খোঁজখবর নিতে যাচ্ছিলেন মা ও মেয়ে। কিন্তু পথেই ঘটে যায় ভয়াবহ দুর্ঘটনা, আর তাতে শেষ হয়ে যায় দুই নারীর জীবন-ভ্রমণ।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, সংঘর্ষের পর ঘটনাস্থলেই পাঁচজন নিহত হন। গুরুতর আহত দুজনকে বড়াইগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে, সেখানে আরও একজনের মৃত্যু হয়। অপর আহত ব্যক্তিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এই মর্মান্তিক ঘটনায় গাংনীর ভোলারদাড় ও বেতবাড়িয়া গ্রামে নেমে এসেছে শোকের ছায়া।
পরিবারের সদস্যরা জানান, “সিমা সদ্য বিবাহিত ছিল। তার ছোট্ট সন্তান অসুস্থ। সেই সন্তানকে দেখতে যাওয়া পথেই ঘটে গেল চিরদিনের বিচ্ছেদ।”